



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/জা/২০১৯/১৬৯০

তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : তার ২১/০৮/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এসআরও নং-৯৯/আইন/২০০৯-এর ৩৯(১) নং ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত "ভাটি খেওয়ারচর উচ্চ বিদ্যালয়" এর এডহক কমিটি পত্র ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ মেয়াদ কালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯" এর ৪১(২) (খ) ৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি- কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবল মাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না। উল্লেখ্য, এ কমিটির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

১। জনাব মোঃ মাহবুবুর রহমান

বোর্ড কর্তৃক মনোনীত

সভাপতি

২। জনাব মোঃ মিস্টার আলী

অভিভাবক

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত

সদস্য

পত্র নং- ৫০৯

তারিখ ০৯/০৬/১৯ খ্রিঃ

৩। জনাব আবু নোমান মোঃ নূরুজ্জামান

শিক্ষক

জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত

প্রতিনিধি

পত্র নং- ৩৮৪

তারিখ ২২/০৫/১৯ খ্রিঃ

৪। প্রধান শিক্ষক

সদস্য সচিব

পদাধিকার বলে

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক

"ভাটি খেওয়ারচর উচ্চ বিদ্যালয়"

(EIN-109694)

উপজেলা : বকশীগঞ্জ, জেলা : জামালপুর।

মেমো নং- ১৬৯০ (৪)

তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। সভাপতি, এডহক কমিটি, ভাটি খেওয়ারচর উচ্চ বিদ্যালয়, বকশীগঞ্জ, জামালপুর।
- ৪। অফিস কপি।

24.9.19

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

24.9.19